অন্তর্বর্তী সরকারের সময়ে টিকা আমদানি হয়নি: প্রধানমন্ত্রী



সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের সময় শিশুদের জন্য হামের টিকা বিদেশ থেকে আনা হয়নি বলে জাতীয় সংসদে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সংসদ অধিবেশনে গাজীপুর-৪ আসনের সংসদ সদস্য সালাহউদ্দিন আহমদের সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য তুলে ধরেন।

প্রধানমন্ত্রী বলেন, গত কয়েক বছরে টিকা আমদানির ঘাটতির কারণে পরিস্থিতি জটিল হয়েছে এবং এর ফলে অনেক শিশুকে ঝুঁকির মুখে পড়তে হয়েছে। তবে বর্তমান সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে কাজ করছে বলেও জানান তিনি।

তিনি আরও জানান, ইউনিসেফের সহায়তায় দ্রুত হামের টিকা দেশে আনা হয়েছে এবং এর মাধ্যমে প্রায় ২ কোটি শিশুকে টিকাদানের পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি রোগ শনাক্তে ব্যবহৃত পরীক্ষার কিটের সংকট কাটাতেও উদ্যোগ চলছে—ইতোমধ্যে কিছু কিট দেশে পৌঁছেছে এবং বাকি কিট দ্রুত ছাড় করার প্রক্রিয়া চলছে।

সরকার হামের বিস্তার ঠেকাতে জরুরি পদক্ষেপ নিচ্ছে বলেও সংসদে আশ্বাস দেন প্রধানমন্ত্রী।

LENS ASIA